“মুনাফিকের উদাহরণ হচ্ছে বিচরণকারী সেই ছাগীর মত, যে দুটি ছাগলের পালের মধ্যে ঘুরতে থাকে, একবার একটির কাছে আসে আবার অন্যটির কাছে যায়।”

আব্দুল্লাহ ইবনু ‘উমার রদিয়াল্লাহু আনহুমা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন: “মুনাফিকের উদাহরণ হচ্ছে বিচরণকারী সেই ছাগীর
মত, যে দুটি ছাগলের পালের মধ্যে ঘুরতে থাকে, একবার একটির কাছে আসে আবার অন্যটির কাছে যায়।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুনাফিকের অবস্থা বর্ণনা করেছেন যে, সে হচ্ছে এমন দ্বিধাগ্রস্ত ছাগীর মত, যে নিজেও জানে না যে দুটি ছাগলের পালের মধ্যে তার কোনটির অনুসরণ করা উচিত। আর তাই সে একটির কাছে একবার যায় আবার পরক্ষণেই অপরটির কাছে যায়। মুনাফিকরা ঈমান ও কুফরের মধ্যে দ্বিধান্বিত থাকে, সুতরাং তারা প্রকাশ্য-অপ্রকাশ্য কোনভাবেই মুসলিমদের সাথে থাকে না আবার কাফিরদের সাথে প্রকাশ্য-অপ্রকাশ্যভাবে থাকতে পারে না। বরং তারা বাহ্যিক দিকে থেকে মুসলিমদের সাথে থাকলেও তাদের অন্তর সন্দেহ ও সংশয়ে নিমজ্জিত থাকে; ফলে একবার এদিকে ঝুকে যায় আবার পরে অন্যদিকে ঝুকে পড়ে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/65019